**অবি লম্বে প্রকাশে র উদ্দে শ্যে:** 10/7/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# হার্কিমার কাউন্টিতে 20 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন উন্নয়ন আপগ্রেড প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে বলে গভর্নর হোচুলের ঘোষণা

***পাবলিক হাউজিংয়ের উল্লেখযোগ্য সংস্কার মোট ইউনিট সংখ্যা বৃদ্ধি করে, জ্বালানি দক্ষতা উন্নত করে, অ্যাক্সেসযোগ্যতা সম্প্রসারণ করে***

গভর্নর ক্যাথি হোচুল আজ হার্কিমার কাউন্টির হার্কিমার ভিলেজে ইস্টার্ন গার্ডেনস অ্যাপার্টমেন্টের 20 মিলিয়ন ডলারের সংস্কারকাজ সমাপ্ত হয়েছে বলে ঘোষণা করেছেন। এখন স্টোন রিজ মিলস নামে পরিচিত এই পাবলিক হাউজিং উন্নয়ন পরিবারগুলোর জন্য 63টি নতুন জ্বালানি-দক্ষতাসম্পন্ন ও সাশ্রয়ী আবাসন সরবরাহ করে।

"কমিউনিটিকে শক্তিশালী করা এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদে ও মর্যাদার সঙ্গে বাস করার সুযোগ করে দেয়ার আমাদের অঙ্গীকার পূরণে আমরা মোহাক ভ্যালিতে ও সমগ্র স্টেটজুড়ে অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন তৈরি ও সংরক্ষণ করতে জোরালোভাবে কাজ করে যাচ্ছি," **বলেছেন গভর্নর হোচুল।** "এই আপগ্রেডকৃত স্টোন রিজ মিলস অ্যাপার্টমেন্ট কমপ্লেক্স আধুনিক ও সাশ্রয়ী বাড়ির ব্যবস্থা করবে, যা ভিলেজের বাসিন্দাদের একটি স্বাচ্ছন্দ্যপূর্ণ, সাশ্রয়ী, ও স্বাস্থ্যকর পরিবেশ প্রদান করবে।"

1954 সালে নির্মিত মূল কমপ্লেক্সটিতে সাতটি দুই-তলা ভবনে 48টি অ্যাপার্টমেন্ট রয়েছে। সংস্কার কাজের মধ্যে রয়েছে নতুন ছাদ ও সাইডিং, জ্বালানি-সাশ্রয়ী জানালা, উন্মুক্ত ফ্লোর প্ল্যান, নিরাপত্তা ব্যবস্থার আপগ্রেড, উচ্চ-দক্ষতাসম্পন্ন লাইটিং, লো-ফ্লো প্লাম্বিং ফিক্সচার, নতুন রান্নাঘর ও বাথরুম এবং এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স।

এই প্রকল্পের মধ্যে 15টি নতুন অ্যাপার্টমেন্ট নিয়ে একটি অতিরিক্ত দুই-তলা ভবন নির্মাণ করাও অন্তর্ভুক্ত রয়েছে। সব ভবন নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) লো-রাইজ আবাসিক নির্মাণ কর্মসূচি, EPA-র এনার্জি স্টার সহ পারফর্ম্যান্স পাথ এবং এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটির মানদণ্ডসমূহ পূরণ করে।

স্টোন রিজ মিলসে 14টি এক-বেডরুমের, 34টি দুই-বেডরুমের, দশটি তিন-বেডরুমের, ও পাঁচটি চার-বেডরুমের অ্যাপার্টমেন্ট রয়েছে। অধিকাংশ অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের 50 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে।

চলাচলে অক্ষম বাসিন্দাদের জন্য আটটি পুরোপুরি অ্যাক্সেসযোগ্য অ্যাপার্টমেন্ট এবং শ্রবণ/দৃষ্টিশক্তি সংক্রান্ত অক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের জন্য পাঁচটি পুরোপুরি অ্যাক্সেসযোগ্য অ্যাপার্টমেন্ট রয়েছে। গৃহহীন অথবা গৃহহীন হওয়ার ঝুঁকিতে রয়েছেন এমন ব্যক্তিদের জন্য সাততি অ্যাপার্টমেন্ট পৃথক রাখা হয়েছে।

স্টোন রিজ মিলস গণপরিবহন, শপিং, একটি ব্যাংক, হাসপাতাল, ও হার্কিমার কলেজের (Herkimer College) কাছাকাছি একটি সুবিধাজনক জায়গায় অবস্থিত।

শিশুদের জন্য বিনামূল্যে অন-সাইট কর্মসূচি প্রদান করে এমন একটি হেড স্টার্ট ফ্যাসিলিটি কমিউনিটি ভবন থেকে সরিয়ে হার্কিমার হাউজিং অথোরিটির (Herkimer Housing Authority) অন্য একটি সম্পত্তি, স্টোন রিজ ডে-কেয়ারে নিয়ে যাওয়া হচ্ছে, যাতে ভবনটি কমিউনিটি স্পেস হিসেবে ব্যবহৃত হওয়ার ভূমিকায় ফিরে যেতে পারে। এই সংস্কারকৃত কমিউনিটি ভবনে এখন জ্বালানি-সাশ্রয়ী মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, প্লাম্বিং ও অগ্নি নির্বাপন ব্যবস্থা ও অ্যাক্সেসযোগ্য লন্ড্রি ফ্যাসিলিটির পাশাপাশি নতুন খেলার মাঠ ও ফুটপাথ রয়েছে।

ডেভেলপার হলো হার্কিমার হাউজিং অথোরিটি যেখানে এজমেয়ার (Edgemere) হাউজিং কনসাল্টেন্টের ভূমিকা পালন করছে। নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এর বরাদ্দকৃত নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল ও স্টেট পর্যায়ের কর ক্রেডিট যা 16 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে এবং পাবলিক হাউজিং সংরক্ষণ (Public Housing Preservation) কর্মসূচির তরফ থেকে 2.4 মিলিয়ন ডলার ব্যবহার করে স্টেট এই উন্নয়নকাজের অর্থায়ন করেছে। হেড স্টার্ট ফ্যাসিলিটির স্থানান্তর ও আপগ্রেডের জন্য অর্থায়ন করতে গ্রামীণ ও শহুরে কমিউনিটি বিনিয়োগ তহবিলের (Rural and Urban Community Investment Fund) মাধ্যমে HCR অতিরিক্ত আরো 1.3 মিলিয়ন ডলার প্রদান করেছে। NYSERDA 63,000 ডলারের সহায়তা প্রদান করেছে।

স্টোন রিজ মিলসের সংস্কার প্রকল্পটি স্টেটের 100,000 এরও বেশি সামর্থ্যের মধ্যে থাকা বাড়ি এবং 6,000টি সহায়তামূলক পরিষেবাসহ বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনকে অ্যাক্সেসযোগ্য করা এবং গৃহহীনতা মোকাবেলা করার পাঁচ-বছর মেয়াদী 20 বিলিয়ন ডলারের নজিরবিহীন আবাসন পরিকল্পনার অংশ। গত এক দশকে, HCR মোহাক ভ্যালিতে 265 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করেছে যা আনুমানিক 2,600টি সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করেছে।

**HCR কমিশনার রুথ-অ্যান ভিসনোসকাস বলেন,** "স্টোন রিজ মিলসে সংস্কার, সম্প্রসারণ, ও সহজলভ্যতা সংরক্ষণের এই 20 মিলিয়ন ডলারের প্রকল্পের জন্য হার্কিমার হাউজিং অথরিটির সাথে অংশীদার হতে পেরে আমরা গর্বিত। 63টি অ্যাপার্টমেন্টের সবগুলোতে এখন আধুনিক ও জ্বালানি-সাশ্রয়ী বৈশিষ্ট্য ও উন্নত অ্যাক্সেসযোগ্যতা রয়েছে। পাবলিক হাউজিং একটি গুরুত্বপূর্ণ সংস্থান যেখানে আমাদের অব্যাহত বিনিয়োগ প্রয়োজন হয় যাতে আমরা আগামী দশকগুলোতে নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য বাড়ি হিসেবে মনে করার মতো একটি জায়গা থাকার বিষয়টি নিশ্চিত করতে পারি।"

**হার্কিমার হাউজিং অথরিটি (স্টোন রিজ রেসিডেন্সেস) এর এক্সিকিউটিভ ডিরেক্টর রিচার্ড ডোই বলেন,** "এই তহবিল পাওয়ায় আমরা কৃতজ্ঞ, এবং এটি যে পরিবর্তনের সুযোগ বয়ে এনেছে সেটি নিয়ে আমরা অত্যন্ত উচ্ছসিত। আমরা আমাদের অ্যাপার্টমেন্টগুলোকে সত্যিকার অর্থেই অন্তর্ভুক্তিমূলক পরিবেশে পরিণত করার মাধ্যমে সব বাসিন্দাকে সেবা দেয়ার জন্য আরো বেশি প্রস্তুত হয়েছি।"

**NYSERDA এর প্রেসিডেন্ট ও CEO, ডোরিন এম. হ্যারিস বলেন,** "ইস্টার্ন গার্ডেনস অ্যাপার্টমেন্টস পাবলিক হাউজিং উন্নয়নকাজ সমাপ্ত হওয়াটা আমাদের সবচেয়ে অরক্ষিত জনগোষ্ঠীর জন্য সহ সমগ্র স্টেটজুড়ে নিউ ইয়র্কের সাশ্রয়ী, জ্বালানি-দক্ষতা সম্পন্ন ও স্বাস্থ্যকর আবাসনের ব্যবস্থা করার লক্ষ্য পূরণে গৃহীত আরো একটি পদক্ষেপ। প্রকল্পটির উচ্চ-পারফর্ম্যান্স সিস্টেম ও বৈশিষ্ট্যের জন্য NYSERDA-এর সহায়তা করাটা সব নিউ ইয়র্কবাসীর জন্য নির্মল জ্বালানি খাতে বিনিয়োগের সুবিধা প্রদানের পাশাপাশি ক্ষতিকর নির্গমন কমিয়ে আনার জন্য স্টেটের অব্যাহত অঙ্গীকারের প্রতিফলন।"

**সিনেটর পিটার ওবার্যাকার বলেন,** "মানসম্মত, সাশ্রয়ী আবাসন অনেকগুলো উপায়ে কমিউনিটিকে উপকৃত করে। এই সংস্কারকৃত স্টোন রিজ মিলস কমপ্লেক্স হার্কিমার কাউন্টির গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করে এবং পরিবার ও ব্যক্তিদের জন্য একটি গুরুত্বপূর্ণ ভিত্তি প্রদান করবে। অ্যাক্সেসযোগ্যতা ও জ্বালানি দক্ষতার কথা মাথায় রেখে, সেইসাথে অতি প্রয়োজনীয় শিশু উন্নয়ন কর্মসূচির দিকে লক্ষ্য রেখে নকশাকৃত এই আবাসন উন্নয়ন প্রকল্প পুরো স্টেটজুড়ে অনুসরণ করার মতো একটি আদর্শ।"

**অ্যাসেম্বলি সদস্য রবার্ট জে. স্মুলেন বলেন,** "স্টোন রিজ মিলসের দিকে যাওয়া নতুন আপগ্রেডগুলো সাশ্রয়ী আবাসনে বিনিয়োগকারীদের তরফ থেকে একটি উষ্ণ বিনিয়োগ। মোহাক ভ্যালিতে ট্রানজিট অ্যাক্সেসযোগ্যতার বিকল্প সম্প্রসারণ হওয়া, ডে-কেয়ার সুবিধা, এবং বাসিন্দাদের জীবনযাত্রার পদ্ধতির সামগ্রিক উন্নয়ন দেখতে পাওয়াটা একটি চমৎকার বিষয়।"

**হার্কিমার কাউন্টি বোর্ড অব লেজিসলেটর-এর সভাপতি, ভিনসেন্ট জে. বনো বলেন,** "স্টোন রিজ মিলস কমিউনিটির জন্য একটি প্রাণবন্ত, কার্যকর ও সাশ্রয়ী বসবাসের স্থান প্রদান করার মাধ্যমে এখানে বাস করা বাসিন্দাদের জন্য একটি উষ্ণ পরিবেশ যোগ করবে। এই অতি প্রয়োজনীয় বিনিয়োগ সাশ্রয়ী ও টেকসই আবাসন কেমন হওয়া উচিত তারই একটি মডেল। এই বিশাল অর্জনের জন্য সবাইকে অভিনন্দন।"

**মেয়র মার্ক নেটি বলেন,** "স্টোন রিজ মিলসে এই বৃহৎ সংস্কার প্রচেষ্টা উন্নয়ন কাজের মাধ্যমে বাসিন্দাদের জন্য বহু বছর ধরে নিরাপদ ও সন্তোষজনক সাশ্রয়ী বাড়ি প্রদান করার বিষয়টি নিশ্চিত করবে। চমৎকারভাবে সংস্কারকৃত ভবনসমূহ এবং আপগ্রেডকৃত হেড স্টার্ট ফ্যাসিলিটি হার্কিমারকে বসবাস, কর্মস্থল ও পরিবার গড়ে তোলার জন্যে আরো ভালো একটি জায়গায় পরিণত করেছে। এই প্রকল্প সম্ভব করে তুলতে যারা কঠোর পরিশ্রম করেছেন তাদের সবার প্রতি ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418